



বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়
VIDYASAGAR UNIVERSITY
Question Paper

B.A. General Examinations 2021
(Under CBCS Pattern)
Semester - III
Subject : BENGALI
Paper : SEC 1 - T

Full Marks : 40

Time : 2 Hours

*Candidates are required to give their answers in their own words as far as practicable.
The figures in the margin indicate full marks.*

[লিখন নৈপুণ্য বৃদ্ধি]

বিভাগ-ক

১। নীচের যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও :

১২×৩=৩৬

- (ক) অনুচ্ছেদ কাকে বলে? অনুচ্ছেদ রচনা করতে গেলে কোন্ কোন্ বিষয়ের দিকে লক্ষ্য রাখা বাঞ্ছনীয়?
- (খ) অনুচ্ছেদ রচনা করো : 'করোনা মহামারী'।
- (গ) বিজ্ঞাপন কাকে বলে? বিজ্ঞাপনের উদ্দেশ্যগুলি কী? একটি সার্থক বিজ্ঞাপন রচনা করো।
- (ঘ) প্রতিবেদন রচনা : 'সোশ্যাল নেটওয়ার্কিং ও যুবসমাজ' বিষয়ে প্রতিবেদন রচনা করো।

(ঙ) ভাবসম্প্রসারণ কাকে বলে? ভাবসম্প্রসারণের নিয়মাবলী লেখো। ভাবসম্প্রসারণ করো :

‘যাহা চাই ভুল করে চাই

যাহা পাই তাহা চাই না।’

(চ) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি লেখো।

বিভাগ-খ

২। নীচের যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

২×২=৪

(ক) প্রাতিষ্ঠানিক পত্র রচনার উদ্দেশ্য কী?

(খ) প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদন পরিভাষাটি কোন্ ইংরেজি শব্দের প্রতিশব্দ?

(গ) ভাবার্থ কাকে বলে? এর দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঘ) বিজ্ঞাপন রচনার গদ্য কেমন হওয়া উচিত?

Vidyasagar University

অথবা

[ব্যবহারিক বাংলা]

বিভাগ-ক

১। নীচের যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১২×৩=৩৬

- (ক) বাংলা ভাষা ও সাহিত্যের ব্যবহারিক প্রয়োজনে কম্পিউটার শিক্ষার গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।
- (খ) 'RAM' (র্যাম) ও 'ROM' (রোম)-এর গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।
- (গ) উপযুক্ত চিহ্ন বা সংকেত সহযোগে প্রফ সংশোধনের নিয়মগুলি লেখো।
- (ঘ) পরিভাষা কাকে বলে? পরিভাষা সৃষ্টির নিয়মাবলী আলোচনা করো। যে কোনো চারটি পরিভাষা লেখো।
- (ঙ) বাংলা ভাষা ও সাহিত্যচর্চায় অভিন্ন বাংলা বানান বিধির প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। নত্ব বিধান ও যত্ন বিধানের বিধিগুলি আলোচনা করো।
- (চ) প্রফ সংশোধন করো :

৩+৫+৪

মূল কপি :

বাংলা 'আঞ্চলিক কথাসাহিত্য' এই সাহিত্য সংরূপটি হঠাৎ করে আমদানিকৃত কোনো বিষয় নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো একটা ধারাবাহিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে আঞ্চলিক কথাসাহিত্যের ধারণাটি ক্রমশ পূর্ণতার দিকে এগিয়ে গেছে। বঙ্কিমচন্দ্রের হাত ধরে সার্থক বাংলা কথাসাহিত্যের যে পথ চলা শুরু হয়েছিল সেখানে আঞ্চলিকতার ছোঁয়ামাত্র ছিল না। পরবর্তীকালে রবীন্দ্রনাথ এবং শরৎচন্দ্রের প্রায় সমান্তরাল যাত্রা। যদিও দুই কথাশিল্পীর দৃষ্টিভঙ্গির মধ্যে ছিল বিস্তর ব্যবধান। ঔপন্যাসিক রবীন্দ্রনাথ মূলত নাগরিক জীবনভাবনার রূপকার। ব্যক্তিজীবনের সমস্যা, মনস্তাত্ত্বিক দ্বন্দ্বসংকটকে তিনি মূলত বাণীরূপ দিয়েছেন তাঁর উপন্যাসে। তবে একথা ঠিক যে, ছোটগল্পকার রবীন্দ্রনাথের রচনায় প্রত্যক্ষ গ্রামীণ অভিজ্ঞতার ছবি কিছুটা হলেও স্পষ্ট।

প্রফ কপি :

বাংলা আঞ্চলিক কথাসাহিত্য এই সাহিত্য সংরূপটি হঠাৎ করে আমদানিকৃত কোনো বিষয় ন প্রদীপ জ্বালানোর আগে সলতে ফাকানোর মতো একটা ধারাবাহিক প্রক্রিয়ার মধ্যে দিয়ে আঞ্চলিক ধারণাটি ক্রমশ পূর্ণতার দিকে এগিয়েছে। বঙ্কিম চন্দ্রের,, হাত ধরে সার্থক বাংলা কথাসাহিত্যের যে পথ চলা শুরু হয়েছিল সেখানে অঞ্চলিকতার ছোঁয়ামাত্র ছিল না।

পরবর্তীকালে রবীন্দ্রনাথ এবং সরৎচন্দ্রের প্রায় সমান্তরাল যাত্রা। যদিও দই কথা শিল্পের দৃষ্টিভঙ্গির মধ্যে ছিল বিস্তর ব্যবধান। ব্যক্তিজীবনের সমস্যা, মনস্তাত্ত্বিক দ্বন্দ্বসংকটকে তিনি মূলত বাণীরূপ দিয়েছেন তাঁর উপন্যাসে। তবে একথা ঠিক যে রবীন্দ্রনাথের ছোটগল্পকার রচনায় প্রত্যক্ষ অভিজ্ঞতার ছবি কিছুটা হলেও পস্ট।

বিভাগ-খ

২। নীচের যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×২=৪

(ক) বাংলা হরফ লেখার জন্য ব্যবহৃত দুটি জনপ্রিয় সফটওয়্যারের নাম লেখো।

(খ) ডিটিপি (DTP) শব্দটির পুরো অর্থ কী? কম্পিউটারের কয়েকটি ইনপুট (Input) ডিভাইসের নাম লেখো। ১+১

(গ) অশুদ্ধি সংশোধন করো : (যে কোনো চারটি)

ভৌগলিক, শুদ্ধীকরণ, মুমূর্ষু, ব্যাকারণ, দারিদ্র, শিরধার্য

(ঘ) পাণ্ডুলিপি কী?
